গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা।
Date- 03 FEB 2022
প্রাপ্ত পত্র নং. 2986

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

**আমদানিকৃত পণ্যের এইচএস কোড নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী (তারিখ ২৩/০১/২০২২ খ্রি.)**

বিভিন্ন অংশীজনদের নিকট হতে পণ্যের এইচএস কোড নির্ধারন বিষয়ে প্রাপ্ত আবেদনসমূহ জাতীয় রাজস্ব বোর্ড নিয়মিতভাবে নিস্পত্তি করে থাকে। পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস ও এইচএস কোড নির্ধারণ অনেক সুক্ষ্ম ও জটিল বিশ্লেষণের ওপর নির্ভরশীল হওয়ায়, অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণ অত্যাবশ্যক। ফলে এ জাতীয় আবেদন নিস্পত্তির লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রায়শই আবেদনকারী, অধীনস্থ বিভিন্ন কাস্টমস স্টেশন ও বিশেষজ্ঞ সমন্বয়ে সভা করা হয়ে থাকে। এ জাতীয় কতিপয় আবেদন নিস্পত্তির লক্ষ্যে ২৩/০১/২০২২ খ্রি. তারিখে সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) এর সভাপতিত্বে শ্রেণিবিন্যাস সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয় (সভায় উপস্থিতির তালিকা সংযুক্ত)। উক্ত সভার বিষয়বস্তু নিম্নরূপ:

**(ক) আলোচ্য সুচি:**

(১) Meridian Foods Ltd কর্তৃক আমদানিতব্য ''Snacks Pellets'' এর অগ্রিম রুলিং সংক্রান্ত সঠিক HS Code নির্ধারণ;
(২) কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা কর্তৃক প্রেরিত পত্র মোতাবেক M/S Xian He Zhen Pvt. Limited এবং Evergreen Business International কর্তৃক আমদানিতকৃত "Hershey's Syrup (Genuine chocolate flavor) Containing Cocoa (পণ্যের মোড়কের গায়ের বর্নিত নাম)" এর সঠিক HS Code নির্ধারণ;
(৩) কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক প্রেরিত পত্র মোতাবেক আমদানিকৃত ''UPS system with back up battery and related Standard Accessories" এর সঠিক HS Code নির্ধারণ;
(৪) কাস্টম হাউস, বেনাপোল, যশোর, কর্তৃক প্রেরিত পত্র মোতাবেক এর আমদানিকৃত "Glass Bangles" এর সঠিক HS Code নির্ধারণ;
(৫) আমদানিকারক ডেলকট লিমিটেড কর্তৃক আমদানিকৃত "Needle and sinker oil" এর সঠিক HS Code নির্ধারণ;
(৬) আমদানিকারক মতিন স্পিনিং মিলস লিঃ এর আমদানিকৃত ''Brand New Panel with Standard Accessories'' বিষয়ে ১৪/১১/২০২১ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তের পুনঃ বিবেচনা;
(৭) Romo Corporation কর্তৃক আমদানিতব্য ''Paint Roller Fabrics'' এর অগ্রিম রুলিং নং- ১৯/২০২১ এর রিভিউ আবেদন নিস্পত্তি।

**(খ) সংক্ষিপ্ত বিবরণ:** সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার বিষয়ভিত্তিক আলোচনা শুরু করেন। তিনি দ্বিতীয় সচিবকে সভার কার্যপত্র উপস্থাপনসহ সকলকে আলোচনার জন্য আহ্বান জানান। সভায় প্রতিষ্ঠান ভিত্তিক আলোচনা ও সে প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত নিম্নরূপ:-

**আলোচ্য সুচিঃ**

১। আমদানিকারক Meridian Foods Ltd, গত ০৭/১২/২০২১ খ্রি. তারিখে আমদানিতব্য "Snacks Pellets" নামীয় পণ্যের সঠিক HS Code নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে অগ্রিম রুলিং এর আবেদন করেন। অগ্রিম রুলিং এর বিষয়ে কাস্টম হাউসসমূহের নিকট হতে প্রাপ্ত মতামতসমূহ নিম্নে তুলে ধরা হলো:

| ক্র. নং | দপ্তরসমূহ | মতামত |
|---|---|---|
| ০১ | কাস্টম হাউস, চট্টগ্রাম | আলোচ্য "Snacks Pellets'' নামীয় পণ্যের প্রধান উপকরণ হচ্ছে Tapioca Flour (75%) অর্থাৎ পণ্যটি Flour Based Product মর্মে প্রতীয়মান। উপাদান বিবেচনায় পণ্যটি HS Code Heading 19.01 এর শ্রেণীবিন্যাসিত করা যেতে পারে। BCT এবং Explanatory Notes |

| | | |
|---|---|---|
| | | এর Chapter (19) এর Heading 19.01এর (H) এর ব্যাখ্যা হচ্ছে Food Preparations of flour, groats, meal, starch or malt extract, not containing cocoa or containing less than 40% by weight of cocoa calculated on a totally defatted basis, not elsewhere specified or included. This heading covers a number of food preparations with a basis of flour, groats or meal, of starch or of malt extract, which derive their essential character from such materials whether or not these ingredients predominate by weight or volume. Explanatory Notes এর উক্ত Heading এ আরো উল্লেখ আছে যে, The preparations of this heading may be liquid or in the form of powders, granules, doughs or other solid forms such as strips or discs<br><br>আলোচ্য Snacks Pellets নামীয় পণ্যটি Solid Form এ রয়েছে এবং উপাদানসমূহ BCT এবং Explanatory Notes এর Heading 19.01 এর ব্যাখ্যার সাথে পুরোপুরি সামঞ্জস্যপূর্ণ বিধায় উক্ত পণ্যটি Heading 19.01এর HS Code 1901.90.99 এ শ্রেণীবিন্যাসযোগ্য মর্মে ঐ দপ্তর মনে করে। |
| ০২ | কাস্টম হাউস, বেনাপোল | 'Snacks Pellets' জাতীয় পণ্য Tapioca flour দিয়ে তৈরি এবং Food হিসেবে ব্যবহারযোগ্য। যেহেতু Bangladesh Customs Tariff (BCT) এর Chapter Notes-19 এর ব্যাখ্য অনুযায়ী আমদানিতব্য 'Snacks Pellets' জাতীয় পণ্য HS Code 1905.90.00 তে শ্রেণীবিন্যাসযোগ্য মর্মে এই দপ্তর মনে করে। |
| ০৩ | মোংলা কাস্টম হাউস, মোংলা | 'Snacks Pellets' নামক পণ্যটির HS Code BCTতে সরাসরি না পাওয়ায় GIR Rule-2 অনুযায়ী মৌলিক বৈশিষ্ট্য এবংআবেদরকৃত পণ্যটির উপকরন (Trapioc Flour 75%) উপস্থিত থাকায়, বিশ্লেষন মতে বিদ্যামান বিষয়ে আইন, বি/খি, বিসিটি ও এক্সপ্লানেটোরী নোটের আলোকে প্রস্তাবিত এইচএসকোড 1105.20.00 হওয়া যুক্তিযুক্ত হবে মর্মে ঐ দপ্তর মনে করে। উল্লেখ্য যে উক্ত পণ্য সংশ্লিষ্ট কোন ধরনের মামলা নেই। |
| ০৪ | কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা | আলোচ্য পণ্যটি একটি Intermediary food product অর্থাৎ এটি এখনও চিপস হিসেবে Ready for consumtion নয় বিধায় এটি 19.05 হেডিং এ শ্রেণীবিন্যাসযোগ্য নয়। এমতাবস্থায়, Explanatory Notes এবং Bangladesh Customs Tariff (BCT) পর্যালোচনান্তে 'Snacks Pellets' পণ্যটি হেডিং 19.02 এর আওতায় এইচ .এস .কোড 1902.20.00 (TTI=104.68%) তে শ্রেণীবিন্যাসযোগ্য তবে পণ্যটি Ready for consumption হলে Crisp savoury food product হিসেবে HS Code 1905.90.00 (TTI=127.72%) তে শ্রেণীবিন্যাসযোগ্য মর্মে ঐ দপ্তর মনে করে। |
| ০৫ | কাস্টম হাউস, ঢাকা | আলোচ্য পণ্য "Snacks Pellets" হলো Food Preparation of manoic Starch (Tapioca) Explanatory Notes এর Chapter-16, Heading 19.01 এবং Heading 19.03 এর ব্যাখ্যা অনুযায়ী যদি আলোচ্য মিশ্রণের সাথে ২০% এর অধিক Sausage, Meat, Meat Offal blood, Fish, crustaceans, Molluscs অথবা অন্যান্য Aguatic Invertebartes যুক্ত থাকে, তবে তা Chapter-16 এ শ্রেণীবিন্যাসযোগ্য। অন্যদিকে ২০% এর কম উল্লিখিত উপাদান ছাড়াও Vegetables, vegetables Juice অথবা Purees, Eggs, Milk, Gluten, Liastares, Vitamines, colouring Matter, flavouring ইত্যাদি যুক্ত করে যদি বিভিন্ন আকৃতি প্রদান করা হয়, তবে তা HS Code-19019091 শ্রেণীবিন্যাসযোগ্য। |

| | | |
|---|---|---|
| | | তবে যদি Manioc Starch (Tapioca Flour) এর সাথে শুধুমাত্র পানি মিশ্রিত করে তা ১২০-১৫০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় metallic Plate এ ফোটায় ফোটায় ফেলে ছোট Pellets অথবা Flakes আকৃতি প্রদান করা হয় তবে তা HS Code 19030000 এ শ্রেণীবিন্যাসযোগ্য।<br><br>বর্ণিতাবস্থায়, Bangladesh Customs Tariff (BCT), Explanatory Notes, GIR Rule-1 এবং সংশ্লিষ্ট দলিলাদির আলোকে পণ্যগুলো উপরিল্লিখিত এইচ. এস. কোড-এ শ্রেণিবিন্যাসযোগ্য ঐ দপ্তর মনে করে। |
| ০৬ | কাস্টম হাউস, আইসিডি | আমদানিকারকের আবেদন অনুযায়ী আমদানিকৃত পণ্যটি 'Snacks Pellets' যা Explanatory Notes এর ব্যাখ্যা অনুযায়ী হেডিং 19.03 এর আওতায় HS Code 1903.00.00 তে শ্রেণীবিন্যাসযোগ্য মর্মে ঐ দপ্তর মনে করে। |

**পর্যালোচনা ও সিদ্ধান্ত :** আমদানিকারকের আবেদন এবং অন্যান্য দলিলাদি পর্যালোচনায় দেখা যায় যে, The Composition of the Snacks Pellets is:

| Name of the Item | Tapioca flour | Processed meat | Garlic | Sugar | Salt | Pepper | MSG |
|---|---|---|---|---|---|---|---|
| (%) | 75% | 10% | 5.5% | 4.5% | 2% | 2% | 1% |

আমদানিকারক কর্তৃক দাখিলকৃত আলোচ্য পণ্যের Production flow chart হতে দেখা যায়, পণ্যটির production process হচ্ছেঃ

Meat by product ⟶ Washing ⟶ Grinding ⟶ Mixing (Tapioca flour, pepper, salt, water, MSG) ⟶ Kneading ⟶ Shaping ⟶ Steaming ⟶ Cooling ⟶ Slicing ⟶ Drying ⟶ Packing (uncooked).

অর্থাৎ পণ্যটি Processed meat এর সাথে Tapioca flour মিশিয়ে Kneading করে dough তৈরি করা হয়, পরবর্তীতে নির্দিষ্ট Shape এ steaming, cooling ও slicing এর পর শুঁকিয়ে Snacks Pellets তৈরি করা হয়। পণ্যটি মূলতঃ Intermediary food product এবং এটি পরবর্তীতে Fry করে Chips তৈরি করা হবে।

Explanatory Notes এবং Bangladesh Customs Tariff (BCT) পর্যালোচনায় দেখা যায় যে, আমদানিকারক এর দাবীকৃত হেডিং 16.05 এর পণ্যগুলো হচ্ছে "Crustaceans, molluscs and other aquatic invertebrates, prepared or preserved." Explanatory Notes এর Page No-IV-16-1 এ উল্লেখ রয়েছে, "Food preparations fall in this chapter provided that they contain more than 20% by weight of sausage, meat, meat offal, blood, fish or Crustaceans, molluscs and other aquatic invertebrates, or any combination thereof." অর্থাৎ Chapter 16 এ শ্রেণীবিন্যাসযোগ্য পণ্যে more than 20% meat থাকতে হবে। কিন্তু আলোচ্য পণ্যের Production flow chart অনুযায়ী Processed meat রয়েছে মাত্র ১০%। সুতরাং Explanatory Notes মোতাবেক আলোচ্য পণ্যটি আমদানিকারক এর দাবীকৃত হেডিং 16.05 এ শ্রেণিবিন্যাসের সুযোগ নেই।

আমদানিকারক কর্তৃক দাখিলকৃত Material Composition হতে দেখা যায়, আলোচ্য পণ্যটির মূল উপাদান হচ্ছে Tapioca flour যা মোট Composition এর ৭৫%। সুতরাং Explanatory Notes এবং Bangladesh Customs Tariff (BCT) মোতাবেক উক্ত পণ্যটি Chapter 19 এ শ্রেনিবিন্যাসিত হবে। Chapter 19 এর হেডিং 19.03 এ By Name এ Tapioca

রয়েছে, যার বর্ণনা হচ্ছে, "Tapioca and substitutes therefore prepared from starch, in the form of flakes, grains, pearls, siftings or in similar form." অর্থাৎ এখানে শুধু Tapioca and substitutes এর কথা বলা হয়েছে, Tapioca এর সাথে অন্যান্য উপাদান মিলে তৈরি কোন Food preparations এর কথা হয় নি বিধায় হেডিং 19.03 এ শ্রেণীবিন্যাসযোগ্য নয়।

আবার, হেডিং 19.05 এর আওতায় crisp and savoury food product সম্পর্কে উল্লেখ রয়েছে, "Crisp savoury food products, for example, those made from a dough based on flour, meal or powder of potatoes, or maize (corn) meal with the addition of a flavouring consisting of a mixture of cheese, monosodium glutamate and salt, fried in vegetable oil, ready for consumption." আলোচ্য পণ্যটি যেহেতু Intermediary food product অর্থাৎ এটি Chips হিসেবে ready for consumption নয় বিধায় হেডিং 19.05 এ শ্রেণীবিন্যাসযোগ্য নয়।

হেডিং 19.02 তে শ্রেণীবিন্যাসযোগ্য পণ্যের বর্ণনা হচ্ছে, "Pasta, whether or not cooked or stuffed (with meat or others substances) or otherwise prepared, such as spaghetti, macaroni, noodles, lasagne, gnocci, ravioli, cannelloni, couscous, whether or not prepared." উক্ত হেডিং এর পণ্য Pasta এর সাথে Snacks Pellets এর production process এর মিল থাকলেও যেহেতু এটি Pasta এর By Name হেডিং এবং উক্ত হেডিং এর পণ্যগুলো হচ্ছে spaghetti, macaroni, noodles, lasagne, gnocci, ravioli, cannelloni, couscous, সেহেতু হেডিং 19.02 এ শ্রেণীবিন্যাসযোগ্য নয়।

BCT এবং Explanatory Notes এর Chapter (19) এর Heading 19.01এর (II) এর ব্যাখ্যা হচ্ছে, "Food Preparations of flour, groats, meal, starch or malt extract, not containing cocoa or containing less than 40% by weight of cocoa calculated on a totally defatted basis, not elsewhere specified or included.

This heading covers a number of food preparations with a basis of flour, groats or meal, of starch or of malt extract, which derive their essential character from such materials whether or not these ingredients predominate by weight or volume.

Other substances may be added to these main ingredients, such as milk, sugar, eggs, casein, albumin, fat, flavouring, gluten, colouring, vitamins, fruit or other substances to improve their dietic value, or cocoa, in the latter case, in any proportion less than 40% by weight of cocoa calculated on totally defatted basis.

Explanatory Notes এর উক্ত Heading এ আরো উল্লেখ আছে যে, "The preparations of this heading may be liquid or in the form of powders, granules, doughs or other solid forms such as strips or discs."

আলোচ্য Snacks Pellets নামীয় পণ্যটি Solid Form এ রয়েছে এবং উপাদানসমূহ BCT এবং Explanatory Notes এর Heading 19.01 এর ব্যাখ্যার সাথে সামঞ্জস্যপূর্ণ বিধায় উক্ত পণ্যটি Heading 19.01এর অধীনে শ্রেণীবিন্যাসযোগ্য হবে। সে মোতাবেক যদি Food processing Industry কর্তৃক বাল্ক আকারে আমদানি করা হয়, তাহলে HS Code 1901.90.91 তে শ্রেণীবিন্যাসযোগ্য হবে এবং অন্যান্য ক্ষেত্রে HS Code 1901.90.99 তে শ্রেণীবিন্যাসযোগ্য হবে।

২। কাস্টম হাউস, পানগাঁও, M/S Xian He Zhen Pvt. Limited এবং Evergreen Business International কর্তৃক আমদানিকৃত "Hershey's Syrup (Genuine chocolate flavor) Containing Cocoa (পণ্যের মোড়কের গায়ে বর্ণিত নাম)" নামীয় পণ্যের সঠিক HS Code নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ করেন। বিবেচ্য বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:-

| ক্রমিক নং | বি/ই নং-সি-২৫৮৪, তারিখ-২৯/০৬/২০২১ ও বি/ই নং-সি-২৬০৪, তারিখ: ৩০/০৬/২০২১ | বিবরণ |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট কাস্টম হাউস | কাস্টম হাউস, পানগাঁও। |
| ২. | আমদানিকারক | M/S Xian He Zhen Pvt. Limited এবং Evergreen Business International |
| ৩. | পণ্যের বাণিজ্যিক নাম | "Hershey's Syrup (Genuine chocolate flavor) Containing Cocoa (পণ্যের মোড়কের গায়ে বর্ণিত নাম)" |
| ৪. | ঘোষিত HS Code ও বিসিটির বর্ণনা | 2106.90.90 |
| ৫. | কাস্টম হাউসের নির্ধারিত HS Code ও বিসিটির বর্ণনা | 1806.90.90 |
| ৬. | চালানের বর্তমান অবস্থান | ব্যাংক গ্যারান্টির বিপরীতে সাময়িক শুল্কায়নের মাধ্যমে খালাসকৃত। |

<u>পর্যালোচনা ও সিদ্ধান্ত</u> : আমদানিকারকের আবেদন মোতাবেক "Hershey's Syrup (Genuine chocolate flavor) Containing Cocoa (পণ্যের মোড়কের গায়ে বর্ণিত নাম)" নামীয় পণ্যের বিভিন্ন উপাদান ও শতকরা হার নিম্নরূপঃ

| Name of the Item | High Fructose Corn Starch | Corn Syrup | Water | Cocoa Powder | Sugar | Iron |
|---|---|---|---|---|---|---|
| (%) | 45% | 15% | 10% | 5% | 19% | 4% |

এছাড়াও Contain 2% or less of: Potassium Sorbate, Salt, Mono Diglycerides, Xanthan Gum, Polysorbate 20, 60 or 80 and Vanillin (Artificial Flavor).

অপরদিকে, Hershey's এর Website হতে দেখা যায় যে, উক্ত পণ্যের উপাদানসমূহ হচ্ছে High Fructose Corn Syrup, Corn syrup, water, Cocoa, Sugar, Contain 2% or less of: Potassium Sorbate (Preservative), Salt, Mono and Diglycerides, Xanthan Gum, Polysorbate 20, 60 or 80 and Vanillin (Artificial Flavor). অর্থাৎ Website এ High Fructose Corn Starch এর কোন উল্লেখ নেই। বরং উক্ত পণ্যের মূল উপাদান হচ্ছে High Fructose Corn Syrup.

আমদানিকৃত পণ্যটি Food supplement হিসেবে সাধারনত Ice-cream, Cake, Milk ইত্যাদিতে ব্যবহৃত হয়। এছাড়াও The Hershey Company কর্তৃক প্রদত্ত definition হতে দেখা যায় যে, "Corn Syrup is a sweetener made from corn starch, also known as glucose syrup & High Fructose Corn Syrup is a liquid sweetener with a sweetness level similar to table sugar. HFCS is produced from corn through the enzymatic conversion of glucose into fructose. The most commonly used form of HFCS is nearly identical to the composition of table sugar." অর্থাৎ Corn Starch হতে বিশেষ প্রক্রিয়ায় উৎপাদিত হয় High Fructose Corn Syrup. এখানে Corn Starch এর কোন বৈশিষ্ট্য বিদ্যমান থাকে না অর্থাৎ পণ্যটির মূল উপাদান High Fructose Corn Syrup, যা আসলে এক ধরনের Fructose.

Explanatory Notes এর chapter-17 এর page-IV-17-1 এ বলা হয়েছে, "This chapter covers not only sugars as such (e.g., sucrose, lactose, maltose, glucose and fructose), but also sugar syrups, artificial honey, caramel, molasses resulting from the extraction or refining of sugar and sugar confectionary."

The Chapter does not include:

(a) Sugar confectionary containing cocoa or chocolate (other than white chocolate) in any proportion, and sweetened cocoa powders (heading 18.06).

অর্থাৎ sugar and sugar confectionary এর মধ্যে যে কোন পরিমাণে cocoa থাকলে, তা হেডিং 18.06 এ শ্রেণীবিন্যাসযোগ্য হবে। High Fructose Corn Syrup এর মূল উপাদান যেহেতু Fructose, সে হিসেবে High Fructose Corn Syrup মূলতঃ sugar and sugar confectionary এর অন্তর্ভুক্ত।

Explanatory Notes এর হেডিং 18.06 এ page-IV-1806-1 এ বলা হয়েছে, "The heading also includes all sugar confectionary containing cocoa in any proportion (including chocolate nougat), sweetened cocoa powder, chocolate powder, chocolate spreads, and, in general, all food preparations containing cocoa (other than those excluded in the General Explanatory Note to this Chapter)"

Explanatory Notes এর chapter-18 এর page-IV-18-1 এ উল্লেখ রয়েছে, This chapter covers cocoa (including cocoa beans) in all forms, cocoa butter, fat and oil and preparations containing cocoa (in any proportion), except:

c) Food preparations of flour, groats, meal, starch or malt extract, containing less than 40% by weighted cocoa calculated on a totally defatted basis, and food preparations of goods of heading 04.01 to 04.04 containing less than 5% by weight of cocoa calculated on a totally defatted basis, of heading 19.01.

অর্থাৎ Sugar confectionary এর মধ্যে যে কোন পরিমাণে cocoa থাকলে, তা 18.06 হেডিং এর অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে যদি Flour, groats, meal, starch or malt extract এর তৈরি Food preparations হয়, যার মধ্যে ৪০% এর কম cocoa রয়েছে, তাহলে তা 19.01 হেডিং এ শ্রেণীবিন্যাসযোগ্য হবে।

এপ্রেক্ষিতে Explanatory Notes এর হেডিং 19.01 এর page-IV-1901-1 এ বলা হয়েছে,

(II) Food preparations of flour, groats, meal, starch or malt extract, not containing cocoa or containing less than 40% by weighted cocoa calculated on a totally defatted basis, not elsewhere specified or included.

This heading covers a number of food preparations with a basis of flour, groats, meal, starch or malt extract, which derive their essential character from such materials whether or not these ingredients predominate by weight or volume.

কিন্তু আলোচ্য পণ্যের মূল উপাদান সরাসরি Corn Starch না বরং Corn Starch হতে বিশেষ প্রক্রিয়ায় উৎপাদিত High Fructose Corn Syrup, যা Sugar confectionary হিসেবে বিবেচিত এবং এর মধ্যে ৫% cocoa থাকায়, BCT ও Explanatory Notes অনুযায়ী HS Code 1806.90.90 হওয়া যুক্তিযুক্ত।

আমদানিকারক কর্তৃক ঘোষিত HS Code হচ্ছে 2106.90.90. হেডিং 21.06 এর বর্ণনা হচ্ছে, "Food preparations not elsewhere specified or included." অর্থাৎ যে সকল Food preparations অন্য কোন Chapter/Heading এ উল্লেখ নেই, সে সকল পন্যই কেবল হেডিং 21.06 এ শ্রেণীবিন্যাসযোগ্য হবে। এমতাবস্থায়, Bangladesh Customs Tariff (BCT), Explanatory Notes এর ব্যাখ্যানুসারে, GIR Rule (1) ও Rule (6) এবং সংশ্লিষ্ট দলিলাদির আলোকে আমদানিকৃত "Hershey's Syrup (Genuine chocolate flavor) Containing Cocoa (পণ্যের মোড়কের গায়ে বর্ণিত নাম)" নামীয় পণ্য HS Code 1806.90.90 তে শ্রেণীবিন্যাসযোগ্য হবে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। কাস্টম হাউস, চট্টগ্রাম আমদানিকৃত "UPS system with back up battery and related Standard Accessories" নামীয় পণ্যের সঠিক HS Code নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ করেন। বিবেচ্য বিষয়ে প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ:

| ক্র. নং | বিল অব এন্ট্রি নং-... তারিখ: | বিবরণ |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট কাস্টম হাউস | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| ২. | আমদানিকারক | বিভিন্ন আমদানিকারক |
| ৩. | পণ্যের বাণিজ্যিক নাম | "UPS system with back up battery and related Standard Accessories" |
| ৪. | ঘোষিত HS Code ও বিসিটির বর্ণনা | 8504.40.90 |
| ৫. | কাস্টম হাউসের নির্ধারিত HS Code ও বিসিটির বর্ণনা | |
| ৬. | চালানের বর্তমান অবস্থান | |

বিভিন্ন আমদানিকারক কর্তৃক UPS System with related Standard Accessories ঘোষণায় পণ্যচালান আমদানি করা হয়ে থাকে। আমদানিকারকগণ সাধারণত এই ধরনের পণ্যচালানের ক্ষেত্রে HS Code 8504.40.90 ঘোষণা করেন যা মূলত UPS (Capacity more than 2000 VA) এর HS Code. এ ধরনের পণ্যচালানের ঘোষণা UPS System with related Standard Accessories থাকলেও কায়িক পরীক্ষায় সাধারণত ০৩(তিন) ধরনের পণ্য পাওয়া যায়, যথা: (i) UPS, (ii) Back up Battery, (iii) Cabinet/Rack। এ ধরনের পণ্যচালানের ক্ষেত্রে বিগত বেশ কয়েকটি কায়িক পরীক্ষার প্রতিবেদনে দেখা যায় যে, একটি UPS এর ক্ষেত্রে Capacity ভেদে ২০-৮০ Pcs Lead Acid Battery Standard Accessories এর নামে উক্ত UPS এর সাথে আমদানি করা হয় যার কোন ঘোষণা প্রদান করা হয় না। অনুরূপভাবে উক্ত UPS এর সাথে Cabinet/Rack ও আমদানি করা হয় যার কোন আলাদা বর্ণনা বা HS Code ঘোষণা করা হয় না।

এ ধরনের পণ্যচালানের শুল্কায়নের সময় প্রায়শই HS Code নিয়ে জটিলতা সৃষ্টি হয়। কারণ, এ ধরনের পণ্যচালানের শুল্কায়নের ক্ষেত্রে কাস্টমস কর্তৃপক্ষ UPS, Battery এবং Cabinet/Rack এর জন্য আলাদা আলাদা H.S. Code প্রস্তাব করে। কিন্তু আমদানিকারকগণ প্রায়শই উক্ত প্রস্তাবে দ্বিমত পোষণ করে তাদের ঘোষিত একটি HS Code 8504.40.90 (শুধু UPS এর HS Code) সঠিক মর্মে দাবী করেন। এ ক্ষেত্রে তাদের যুক্তি হল UPS, Battery এবং Cabinet/Rack একত্রে মিলে UPS System গঠিত হয়। Battery এবং Cabinet/Rack UPS এর অবিচ্ছেদ্য অংশ (Integral Part) । তাই Battery এবং Cabinet/Rack আলাদা আলাদা HS Code এ শ্রেণীবিন্যাস না করে UPS এর Integral Part হিসেবে UPS এর সাথে একই HS Code (8504.40.90) এ শ্রেণীবিন্যাসযোগ্য হবে।

আলোচ্য ক্ষেত্রে কাস্টম হাউস. চট্টগ্রামের বক্তব্য হলো :

(ক) UPS System with related Standard Accessories জাতীয় পণ্য চালানের ক্ষেত্রে সাধারণত একই চালানে UPS, Battery এবং Cabinet/Rack আমদানি করা হয়ে থাকে। উক্ত ০৩ (তিন)টি Component ই স্বতন্ত্র এবং স্বাধীনভাবে কাজ করতে সক্ষম। Explanatory Notes (Volume-5) এর Chapter-85 এর Heading 85.04 এর (ii) Electrical static converters এর ব্যাখ্যায় বলা হয়েছে যে, "The apparatus of this group are used to convert electrical energy in order to adapt it for further use. They incorporate converting elements (e.g. valves) of different types. They may also incorporate various auxiliary devices (e.g., transformers, induction coils, resistors, command regulators etc.). Their operating is based on the principle that the converting Elements act alternately as conductors and non-conductors." উপরোক্ত ব্যাখ্যানুযায়ী Static converter এর মূল কাজ হলো to convert electrical energy. এই converting এর জন্য এ ধরনের Device এ বিভিন্ন ধরনের Converting elements, (যেমন: valve) থাকে। এছাড়া বিভিন্ন ধরনের অন্যান্য auxiliary devices যেমন: transformers, induction coils, resistors, command regulators ইত্যাদি থাকতে পারে। উল্লেখ্য, এখানে auxiliary devices হিসেবে Battery এর কথা বলা হয়নি।

(খ) এ ধরনের পণ্য চালানের নমুনা এবং বৈশিষ্ট্য পর্যালোচনায় দেখা যায় যে, এগুলোকে Unassembled or disassembled components এর Set হিসেবে বিবেচনার সুযোগ নেই। কেননা UPS, Battery এবং Cabinet/Rack এর প্রত্যেকটি আইটেমই এক ধরণের পৃথক সত্ত্বা বা Complete unit যা একক ও স্বাধীনভাবে কাজ করতে সক্ষম। Battery এবং Cabinet/Rack UPS ছাড়াও Multi-purpose function এ ব্যবহৃত হয়। তাছাড়া পৃথক Goods হিসেবে এদের Separate commercial value রয়েছে। অর্থাৎ GIR Rules 2(a) এর আলোকে একই HS Code এ তর্কিত পণ্য চালান শ্রেণীবিন্যাসযোগ্য নয়।

(গ) Explanatory Notes (Vol-4) এর Section XVI এর (VI) Multi-function Machines and Composite Machines এর ব্যাখ্যায় (Page No.XVI-6) বলা হয়েছে-

"Assemblies of machines should not be taken to be fitted together to form a whole unless the machineries are designed to be permanently attached either to each other or to a common base, frame, housing etc. This excludes assemblies which are of a temporary nature or are not normally built as a composite machine."

(ঘ) Explanatory Notes এর উপরের ব্যাখ্যা বিবেচনায় নিয়ে দেখা যায় যে, তর্কিত পণ্যচালানসমূহকে কোনভাবেই Composite Machine বলার সুযোগ নেই। কারণ, সম্ভাব্য Assembled condition টি Temporary Nature এর অর্থাৎ GIR Rules 3 (a) এবং 3 (b) এর আলোকে উক্ত পণ্যসমূহ একই Heading এ শ্রেণীবিন্যাসযোগ্য নয়।

(ঙ) সার্বিক পর্যালোচনায়, তর্কিত পণ্যচালানের ০৩ (তিন) টি অংশ পৃথকভাবে GIR Rules-1 এর terms of the heading এর আলোকে তাদের স্ব স্ব HS Heading এর আওতায় ভিন্ন ভিন্ন HS Code এ শ্রেণীবিন্যাসযোগ্য মর্মে ঐ দপ্তর মনে করে।

**পর্যালোচনা ও সিদ্ধান্ত**: আমদানিকৃত "UPS system with back up battery and related Standard Accessories" নামীয় পণ্যের সঠিক HS Code নির্ধারণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, এ ধরনের পণ্য চালান বিভিন্ন কাস্টম হাউস দিয়ে প্রায়শঃ আমদানি হয়ে থাকে এবং কার্যক্ষমতা ভেদে UPS system এর সাথে integral part হিসেবে Battery ও Cabinet/Rack এর সংখ্যার তারতম্য হয়ে থাকে। এক্ষেত্রে দেখার বিষয় হচ্ছে, UPS system কার্যক্ষমতার সাথে Battery এর কার্যক্ষমতা সামঞ্জস্যপূর্ণ কি না এবং Cabinet/Rack এর পরিমাণ UPS system এর ক্যাটালগ/লে-আউট অনুযায়ী সঠিক রয়েছে কি না। যেহেতু উক্ত বিষয়সমূহ প্রতিটি পণ্য চালান ভেদে ভিন্ন হয়ে থাকে, তাই এ বিষয়ে সংশ্লিষ্ট কাস্টম হাউস WCO Explanatory Notes, General Rules for the Interpretation of the Harmonized System এবং BCT অনুযায়ী প্রতিটি পন্য চালানের প্রকৃতি ও অন্যান্য বিষয়াদি বিবেচনায় case-by-case ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করবে।

৪। কাস্টম হাউস, বেনাপোল, আমদানিকৃত "Glass Bangles" এর সঠিক HS Code নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে পত্রটি প্রেরণ করেন। বিবেচ্য বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:-

| ক্রমিক নং | বিল অব এন্ট্রি নং-৫৮৪১৮, তারিখ-০১/০৯/২০২১ | বিবরণ |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট কাস্টম হাউস | কাস্টম হাউস, বেনাপোল, যশোর। |
| ২. | আমদানিকারক | ফাইম ট্রেড ইন্টারন্যাশনাল |
| ৩. | পণ্যের বাণিজ্যিক নাম | "Glass Bangles" |
| ৪. | ঘোষিত HS Code ও বিসিটির বর্ণনা | 7117.90.00 |
| ৫. | কাস্টম হাউসের নির্ধারিত HS Code ও বিসিটির বর্ণনা | 7018.10.00 |
| ৬. | চালানের বর্তমান অবস্থান | ব্যাংক গ্যারান্টির বিপরীতে সাময়িক শুল্কায়নের মাধ্যমে খালাসকৃত। |

বিষয়টি পর্যালোচনা করলে দেখা যায় যে, আমদানিকারক ফাইম ট্রেড ইন্টারন্যাশনাল কর্তৃক "Glass Bangles" বর্ণনার পণ্য HS Code 7018.10.00 তে ঘোষণাপূর্বক শুল্কায়নের জন্য কাস্টম হাউস, বেনাপোল, যশোর এর বিল অব এন্ট্রি নং সি- ৫৮৪১৮, তারিখ-০১/০৯/২০২১ দাখিল করেন। তবে কাস্টম হাউস, বেনাপোল কর্তৃক উক্ত পণ্যের HS Code পরিবর্তন করে। উক্ত দপ্তরের এ্যাসেসমেন্ট কমিটি কর্তৃক পণ্যের নমুনা, BCT এবং Explanatory Notes পর্যালোচনায় আলোচ্য পণ্য HS Code 7117.90.00এ শ্রেণীবিন্যাসযোগ্য মর্মে সিদ্ধান্ত প্রদান করে। তবে এ্যাসেসমেন্ট কমিটির একজন সদস্য, আমদানিকারক এবং সিএন্ডএফ প্রতিনিধি এতে দ্বিমত পোষণ করেন।

<u>পর্যালোচনা ও সিদ্ধান্ত</u> : আমদানিকৃত "Glass Bangles" এর সঠিক HS Code নির্ধারণের বিষয়টি সভার সকল সদস্য কর্তৃক Bangladesh Customs Tariff ও Explanatory Notes অনুযায়ী বিস্তারিত পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, আমদানিকৃত "Glass Bangles" পণ্যটি হচ্ছে মূলত কাঁচের তৈরি চুড়ি যা সাধারণত বাংলাদেশ, ভারত এবং পাকিস্তানে বিভিন্ন উৎসবে (যেমনঃ বিয়ে, নববর্ষ, ঈদ, পূজা ইত্যাদি) পরিধান করা হয়ে থাকে। এপ্রেক্ষিতে আলোচনার মূল বিষয়বস্তু হচ্ছে উক্ত পণ্য হেডিং 70.18 এ গ্লাসের তৈরি Articles হিসেবে শ্রেনিবিন্যাসিত হবে নাকি হেডিং 71.17 এ Imitation jewellery হিসেবে শ্রেনিবিন্যাসিত হবে।

Explanatory Notes এর Chapter 71 এর Note-11 এ বলা হয়েছে, "For the purposes of Heading 71.17, the expression "imitation jewelry" means articles of jewellery within the meaning of paragraph (a) of Note 9 above (but not including buttons or other articles of heading 96.06, or dress-combs, hair-slides or the like, or hairpins, of heading 96.15), not incorporating natural or cultured pearls, precious or semi- precious stones (natural synthetic or reconstructed) nor (except as plating or as minor constituents ) precious metal or metal clad with precious metal."

Note 9 (a) to Chapter 71 এ উল্লেখ রয়েছে, "For the purposes of heading 71.13, the expression "articles of jewellery " means :

(a) Any small objects of personal adornments (for example, rings, bracelets, necklaces, brooches, ear-rings, watch chains, fobs, pendants, tie-pins, cuff-links, dress-studs, religious or other medals and insignia) and

(b) Articles of personal use of a kind normally carried in the pocket, in the handbag or on the person (for example, cigar or cigarette cases, snuff boxes, cachou or pill boxes, powder boxes, chain purses or prayer beads).

These articles may be combined or set for example, with natural cultured pearls, precious or semi-precious stones, synthetic or reconstructed precious or semi-precious stones, tortoise shell, mother-of-pearl, ivory, natural or reconstituted amber, jet or coral"

অপরদিকে, Explanatory Notes এর হেডিং 70.18 হচ্ছে "Glass beads, imitation pearls, imitation precious or semi-precious stones and similar glass smallwares , and articles thereof other than imitation jewellery; glass eyes other than prosthetic articles ; statuettes and other ornaments of lamp-worked glass , other than imitation jewellery ; glass microspheres not exceeding 1 mm in diameter."

Explanatory Notes এর হেডিং 70.18 এর page-XIII-7018-1 ও page-XIII-7018-2 এ বলা হয়েছে,

"This heading covers a range of widely diversified **glass articles**, most of which are used, directly or after further processing, for **ornamental purposes.**"

These include:

(G) Statuettes and **other ornaments** (other than imitation jewellery) obtained by working glass in the pasty state with a blow-pipe. These articles are designed for placing on shelves (animals, plants, statuettes, etc.). They are generally made of clear glass (lead crystal, strass, etc.) or "enamel" glass.

অর্থাৎ গ্লাস এর তৈরি Ornaments (Imitation jewellery বাদে) হেডিং 70.18 এ শ্রেনিবিন্যাসিত হবে।

উল্লেখ্য যে, ভারত বিশ্বে সবচেয়ে বেশি কাঁচের চুড়ি উৎপাদন এবং রপ্তানি করে থাকে। ভারতের Customs tariff এ "Glass Bangles" কে হেডিং 70.18 এ শ্রেনিবিন্যাসিত করা হয়েছে এবং উক্ত হেডিং এর আওতায় আলোচ্য পণ্য সারা বিশ্বে রপ্তানি করা হয়ে থাকে। এছাড়াও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল কর্তৃক ইতিপূর্বে "Glass Bangles" কে হেডিং 70.18 এর অধীন শ্রেণীবিন্যাসযোগ্য মর্মে রায় প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, Bangladesh Customs Tariff (BCT), Explanatory Notes এর ব্যাখ্যানুসারে এবং সংশ্লিষ্ট দলিলাদির আলোকে আমদানিকৃত "Glass Bangles" নামীয় পণ্য HS Code 7018.10.00 তে শ্রেণীবিন্যাসযোগ্য হবে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। আমদানিকারক ডেলকট লিমিটেড কর্তৃক আমদানিকৃত "Needle and sinker oil" এর সঠিক HS Code নির্ধারণ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ করা হয়। বিবেচ্য বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:-

| ক্রমিক নং | বি/ই নং সি-১৪২৬৭১৬, তারিখ: ৩১/০৮/২১খ্রিঃ ও সি-১৪২৬৭২৫, তারিখ: ৩১/০৮/২১খ্রিঃ | বিবরণ |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট কাস্টম হাউস | কাস্টম হাউস, চট্টগ্রাম |
| ২. | আমদানিকারক | ডেলকট লিমিটেড |

| | | |
|---|---|---|
| ৩. | পণ্যের বাণিজ্যিক নাম | Needle and sinker oil |
| ৪. | ঘোষিত HS Code ও বিসিটির বর্ণনা | 3403.99.90 |
| ৫. | কাস্টম হাউসের নির্ধারিত HS Code ও বিসিটির বর্ণনা | 2710.19.31 |
| ৬. | চালানের বর্তমান অবস্থান | ব্যাংক গ্যারান্টির বিপরীতে সাময়িক শুল্কায়নের মাধ্যমে খালাসকৃত। |

আমদানিকারক তার দাখিলকৃত আবেদনে "Needle and sinker oil" নামক পণ্যের সঠিক HS Code নির্ধারণের বিষয়ে দিকনির্দেশনা চেয়েছেন। আবেদন এবং সংযুক্ত দলিলাদি পর্যালোচনায় দেখা যায় যে, "Needle and sinker oil" নামক পণ্য কাস্টম হাউস, আইসিডি কর্তৃক রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় হতে কেমিক্যাল রিপোর্টের ভিত্তিতে HS Code 3403.99.90 এ শুল্কায়ন করে খালাস প্রদান করা হচ্ছে। অন্যদিকে কাস্টম হাউস, চট্টগ্রাম এর এ্যাসেসমেন্ট কমিটি কর্তৃক HS Code 2710.19.31 নির্ধারণ করে পার্থক্যজনিত শুল্ক-করাদির বিপরীতে নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি গ্রহণ করে পণ্য খালাস প্রদান করা হয়। অসম বাজার প্রতিযোগিতা এড়াতে "Needle and sinker oil" সারা বাংলাদেশে এক ও অভিন্ন HS Code এর অধীনে শুল্কায়ন করা জরুরি।

<u>পর্যালোচনা ও সিদ্ধান্ত</u>: আমদানিকৃত "Needle and sinker oil" এর সঠিক H.S. Code নির্ধারণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, Bangladesh Customs Tariff (BCT) তে হেডিং 34.03 এর বর্ণনা হচ্ছে,

"Lubricating preparations (including cutting-oil preparations, bolt or nut release preparations, anti-rust or anti-corrosion preparations and mould release preparations, based on lubricants) and preparations of a kind used for the oil or grease treatment of textile materials, leather, furskins or other materials, but excluding preparations containing, as basic constituents, 70 % or more by weight of petroleum oils or of oils obtained from bituminous minerals."

Bangladesh Customs Tariff (BCT) তে হেডিং 27.10 এর বর্ণনা হচ্ছে,

"Petroleum oils and oils obtained from bituminous minerals, other than crude; preparations not elsewhere specified or included, containing by weight 70% or more of petroleum oils or of oils obtained from bituminous minerals, these oils being the basic constituents of the preparation; waste oils.

অর্থাৎ Lubricating preparations এর মধ্যে ৭০% বা তার অধিক Petroleum oil বিদ্যমান থাকলে, তা হেডিং 27.10 এ শ্রেণীবিন্যাসযোগ্য হবে এবং ৭০% এর কম থাকলে, হেডিং 34.03 এ শ্রেণীবিন্যাসযোগ্য হবে। কাস্টম হাউস, চট্টগ্রাম এর রাসায়নিক পরীক্ষার প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, "Needle and sinker oil" এ Petroleum White Mineral (i.e. Petroleum Oil) এর পরিমাণ ৭০% এর বেশি [Petroleum Oil≥90%] এবং কাস্টম হাউস, আইসিডি এর রাসায়নিক পরীক্ষার প্রতিবেদনে বলা হয়েছে, The percentage composition cannot be accurately determined from available data. If the low-boiling components are all considered to be due to synthetic additives, the maximum percentage of synthetic oil may be 35% and the rest 65% (or more) may be mineral oil. অর্থাৎ কাস্টম হাউস, আইসিডি ও কাস্টম হাউস, চট্টগ্রামে এ ধরনের পণ্যের রাসায়নিক পরীক্ষা প্রতিবেদনে গাঠনিক উপাদানের ভিন্নতা পরিলক্ষিত হচ্ছে। এমতাবস্থায়, আলোচ্য আমদানিকৃত "Needle and sinker oil" নামীয় পণ্যটি রাসায়নিক পরীক্ষার প্রতিবেদনের ভিত্তিতে Petroleum oils and oils obtained from bituminous minerals এর মাত্রা অনুযায়ী সংশ্লিষ্ট HS Code এ শ্রেনিবিন্যাসের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। Matin Spinning Mills Ltd. এর আমদানিকৃত ''Brand New Panel with Standard Accessories'' এর সঠিক HS Code নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে আবেদনপত্রটি দাখিল করেন। বিবেচ্য বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:-

| ক্রমিক নং | বিল অব এন্ট্রি নং সি-১০৩০৭০৭, তারিখ: ২৩/০৬/২০২১ খ্রিঃ। | বিবরণ |
|---|---|---|
| ০১ | সংশ্লিষ্ট কাস্টম হাউস | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| ০২ | আমদানিকারক | Matin Spinning Mills Ltd. |
| ০৩ | পণ্যের বাণিজ্যিক নাম | ''Brand New Panel with Standard Accessories'' |
| ০৪ | ঘোষিত HS Code ও বিসিটির বর্ণনা | 8537.10.90 |
| ০৫ | কাস্টম হাউসের নির্ধারিত HS Code ও বিসিটির বর্ণনা | 8536.20.00, 8538.10.00, 8536.41.00, 8536.50.00, 8538.90.90 |
| ০৬ | চালানের বর্তমান অবস্থান | ব্যাংক গ্যারান্টির বিপরীতে সাময়িক শুল্কায়নের মাধ্যমে খালাসকৃত। |

বিষয়টি পর্যালোচনা করলে দেখা যায় যে, Matin Spinning Mills Ltd. কর্তৃক চায়না হতে ''Brand New Panel with Standard Accessories'' বর্ণনার পণ্য HS Code 8537.10.90 তে ঘোষণাপূর্বক শুল্কায়নের জন্য কাস্টম হাউস, চট্টগ্রাম এর বিল অব এন্ট্রি নং সি- ১০৩০৭০৭, তারিখ: ২৩/০৬/২০২১ খ্রিঃ এ দাখিল করেন। তবে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক উক্ত পণ্যের HS Code পরিবর্তন করে উক্ত দপ্তরের এ্যাসেসমেন্ট কমিটি কর্তৃক আলোচ্য পণ্যচালানটিতে Brand New Panel Board with Standard Accessories এর স্থলে (a) Automatic Circuit Breaker (MCCB, ACB, MPCB); (b) Panel Frame; (c) Relays; (d) Others Switch; (e) Accessories for panel Board নামীয় পণ্যসমূহ বিযুক্ত অবস্থায় আমদানি হওয়ায় তা স্ব-স্ব HS Code (a) Automatic Circuit Breaker (MCCB, ACB, MPCB) এর HS Code 8536.20.00; (b) Panel Frame এর HS Code 8538.10.00; (c) Relays এর HS Code 8536.41.00; (d) Others Switch এর HS Code 8536.50.00; (e) Accessories for panel Board এর HS Code 8538.90.90 তে সাময়িক শুল্কায়ন করে পার্থক্যজনিত শুল্ক-করাদির বিপরীতে নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি গ্রহণ করে পণ্য খালাস প্রদান করা হয়। পরবর্তীতে ১৪/১১/২০২১ তারিখের শ্রেণিবিন্যাস সংক্রান্ত সভায় উক্ত বিষয়টি আলোচনা হয় এবং আমদানিকারক উক্ত পণ্যচালানটিতে কতটি সম্পূর্ণ প্যানেল বোর্ড বিযুক্ত অবস্থায় রয়েছে তা বলতে/দেখাতে পারেন নি এবং এ সংক্রান্ত কোন ক্যাটালগ উপস্থাপন করতে পারেন নি বিধায় কাস্টম হাউস, চট্টগ্রাম এর গৃহীত সিদ্ধান্ত বহাল রাখা হয়। আমদানিকারক মতিন স্পিনিং মিলস লিঃ তার আবেদনে টেকনিক্যাল পরামর্শক উপস্থিত থাকতে না পারায়, ১৪/১১/২০২১ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তের বিষয়টি পুনঃ বিবেচনা করার জন্য অনুরোধ করেছেন।

**পর্যালোচনা ও সিদ্ধান্ত:** আমদানিকারকের আবেদন মোতাবেক আমদানিকৃত ''Brand New Panel with Standard Accessories'' এর সঠিক HS Code নির্ধারণের বিষয়টি সভায় পুনরায় আলোচনা হয়। এ বিষয়ে Explanatory Notes এবং BCT তে 85.37 হেডিং এর বর্ণনা হচ্ছে:

"Boards, panels, consoles, desks, cabinets and other bases, equipped with two or more apparatus of heading 85.35 or 85.36, for electric control or the distribution of electricity, including those incorporating instruments or apparatus of Chapter 90, and numerical control apparatus, other than switching apparatus of heading 85.17."

অর্থাৎ 85.37 হেডিং এ শ্রেনীবিন্যাসযোগ্য Panel/ Board হতে হলে অবশ্যই Panel/ Board এর সাথে 85.35 অথবা 85.36 হেডিং এর দুই বা ততোধিক apparatus যেমন, switches, fuses, meter, transformers, valves, voltage

regulators, rheostats or luminous circuit diagrams ইত্যাদি সংযুক্ত থাকতে হবে। এছাড়া যদি 85.35,85.36 & 85.37 এর parts হয়, তাহলে 85.38 এ শ্রেণীবিন্যাসযোগ্য হবে।

উক্ত পণ্যচালানটিতে কতটি সম্পূর্ণ প্যানেল বোর্ড বিযুক্ত অবস্থায় রয়েছে এবং প্রতিটি প্যানেল বোর্ডে কি পরিমাণ parts বিযুক্ত অবস্থায় রয়েছে এ বিষয়ে প্রতিষ্ঠানের টেকনিক্যাল পরামর্শককে জিজ্ঞাসা করা হলে তিনি জানান, একটি প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের প্যানেল বোর্ড ব্যবহার করা হয়, যার আকৃতি ও প্রকৃতি ভিন্ন এবং প্রতিটি প্যানেল বোর্ডে ভিন্ন ভিন্ন সংখ্যক সরঞ্জামের প্রয়োজন হয়। তাই পণ্যচালানটিতে কতটি সম্পূর্ণ প্যানেল বোর্ড বিযুক্ত অবস্থায় রয়েছে এবং প্রতিটি প্যানেল বোর্ডে কি পরিমাণ parts বিযুক্ত অবস্থায় রয়েছে এ বিষয়টি বলা সম্ভব নয়, যা প্রতিষ্ঠানের লে আউট অনুযায়ী স্থাপন করা হবে। এছাড়া যেহেতু পণ্যগুলো বিযুক্ত অবস্থায় রয়েছে, শিপমেন্ট থেকে প্যানেল বোর্ডসমূহ স্থাপন করা পর্যন্ত কিছু কিছু parts ভেঙ্গে যায় এবং পরবর্তীতে আলাদা পণ্য চালানে নিয়ে আসা কষ্টসাধ্য। মহামারী করোনা পরিস্থিতির কারনে রপ্তানিকারক উক্ত পণ্য চালানে কিছু অতিরিক্ত পরিমাণ শিপমেন্ট করেছেন যা তাদের অনিচ্ছাকৃত ভুল। তবে উক্ত পণ্যসমূহ তাদের প্রতিষ্ঠানের বাহিরে অন্য কোথাও ব্যবহার করা হবে না এবং প্রয়োজনে অতিরিক্ত পণ্যসমূহ স্ব-স্ব HS Code এ জরিমানাসহ মূল পণ্য চালানটি HS Code 8537.10.90 তে চূড়ান্ত শুল্কায়নের অনুরোধ জানান।

এমতাবস্থায়, পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) যেহেতু প্রতিষ্ঠানের বিভিন্ন ধরনের ইলেকট্রিক প্যানেল বোর্ড এর পণ্যসমূহ বিযুক্ত অবস্থায় আমদানি করা হয়েছে, তাই প্রতিষ্ঠানের লে আউট অনুযায়ী যেসকল পণ্যসমূহ প্যানেল বোর্ড তৈরি করতে ব্যবহৃত হবে, সেসকল পণ্য HS Code 8537.10.90 এর অধীন শ্রেণীবিন্যাসযোগ্য হবে।

(খ) অতিরিক্ত পণ্যের ক্ষেত্রে স্ব-স্ব HS Code নির্ধারণপূর্বক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) যেহেতু পণ্যসমূহ বিযুক্ত অবস্থায় রয়েছে, তাই প্যানেল বোর্ড স্থাপন সম্পন্ন করার পর সংশ্লিষ্ট মূসক কমিশনারেটের অধীন বিভাগীয় দপ্তর কর্তৃক পরিদর্শনপূর্বক একটি প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে।

০৭। আমদানিকারক Romo Corporation গত ০৫/১০/২০২১ খ্রিঃ তারিখে আমদানিতব্য ''Paint Roller Fabrics'' নামীয় পণ্যের সঠিক HS Code নির্ধারণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে অগ্রিম রুলিং এর আবেদন করেন। এ প্রেক্ষিতে ১৪/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত শ্রেণিবিন্যাস সংক্রান্ত সভায় উক্ত বিষয়টি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, আমদানিতব্য 'Paint Roller Fabrics' পণ্যটি একটি Pile fabrics. সুতরাং WCO Explanatory Notes, Bangladesh Customs Tariff (BCT) এর ব্যাখ্যা অনুযায়ী উক্ত Pile fabrics যদি Woven Pile fabrics হয়, তাহলে হেডিং 58.01 এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে এবং WCO Explanatory Notes, Bangladesh Customs Tariff (BCT) এর ব্যাখ্যা অনুযায়ী উক্ত Pile fabrics যদি Knitted or crocheted Pile fabrics হয়, তাহলে হেডিং 60.01 এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ১৯/২০২১ জারি করা হয়। পরবর্তীতে আমদানিকারক Romo Corporation তার আবেদনে কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ১৩ এবং ১৪(২) মোতাবেক কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ১৯/২০২১ এর রিভিউ এর জন্য আবেদন করেছেন।

**পর্যালোচনা ও সিদ্ধান্ত:** আমদানিতব্য ''Paint Roller Fabrics'' নামীয় পণ্যের কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ১৯/২০২১ এর রিভিউের প্রেক্ষিতে পুনরায় বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পর্যালোচনায় WCO Explanatory Notes, Bangladesh Customs Tariff (BCT) এর ব্যাখ্যা অনুযায়ী উক্ত Pile fabrics যদি Woven Pile fabrics হয়, তাহলে হেডিং 58.01 এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে এবং WCO Explanatory Notes, Bangladesh Customs Tariff (BCT) এর ব্যাখ্যা অনুযায়ী উক্ত Pile fabrics যদি Knitted or crocheted Pile fabrics হয়, তাহলে হেডিং 60.01 এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় অর্থাৎ কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ মোতাবেক জারিকৃত কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ১৯/২০২১ এর সিদ্ধান্ত বহাল থাকবে।

০৮। এমতাবস্থায়, উপর্যুক্ত আলোচনা ও সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
(০২/০২/২০২২ খ্রিঃ)
(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি)

**বিতরণ:**

১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ মোংলা/ আইসিডি (কমলাপুর)/পানগাঁও/বেনাপোল/ পায়রা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০৩.০০১.২০২১/১৬৬ (        )                                                    তারিখ: ০২/০২/২০২২ খ্রিঃ।

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/ (পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৫। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। প্রথম সচিব (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৭। দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (কোস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৯। সত্ত্বাধিকারী, Meridian Foods Ltd, Factory Plot no. 58 & 59, BSCIC Industrial Estate, Kalurghat, Chittagong.

৩০। সত্ত্বাধিকারী, ডেলকট লিমিটেড, Arzoo Tower, Room-A-2,107, Nawabpur Road, Dhaka-1100.

৩১। সত্ত্বাধিকারী, Matin Spinning Mills Ltd., 102, Green Road, Farmgate, Tejgaon, Dhaka-1215.

৩২। সত্ত্বাধিকারী, Romo Corporation, দক্ষিণ কৃষ্ণপুর, নিরুলিয়া রোড, রাজাকান, সাভার, ঢাকা-১৩৪০।

02/02/2022
(মোঃ সোহেল রানা)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং